



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

“মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও বঙ্গবন্ধু এ তিনটি বিষয়ে আমরা আপসহীন”

-বঙ্গবন্ধুর জন্মদিনের আলোচনায় বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ মার্চ ২০২১খ্রিঃ।

সততা, সাহসিকতা, মানবিকতা এবং দুরদর্শীতা ছিলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চারিত্রিক গুণাবলির অন্যতম বৈশিষ্ট্য। তরুণ প্রজন্মকে বঙ্গবন্ধুর চরিত্রের এ গুণাবলিকে চিন্তা, চেতনা ও মননে ধারণ করে নেতৃত্বের রোল মডেল হিসেবে বঙ্গবন্ধুকে এবং উন্নয়নের রোল মডেল হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গ্রহণ করে সামনের দিকে এগিয়ে যেতে হবে। যারা বঙ্গবন্ধুর নেতৃত্বে আত্মশীল ছিলেন তাঁরাই ৬৯'র গণ অভ্যুত্থানে বঙ্গবন্ধুকে মুক্ত করেছেন, ৭০'র নির্বাচনে আওয়ামীলীগকে তাঁরাই বিজয়ী করেছেন এবং তাঁরাই আবার দীর্ঘ ২১ বছর পর বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে নেতৃত্বদানকারী দল বাংলাদেশ আওয়ামীলীগকে ক্ষমতায় এনেছেন। মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা ছিলো বঙ্গবন্ধুর আজীবন লালিত স্বপ্নের বহিঃপ্রকাশ এবং অক্লান্ত পরিশ্রমের ফসল। তাই মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও বঙ্গবন্ধু এ তিনটি বিষয়ে আমরা আপসহীন”। বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে এ কথা বলেন বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। সকাল ১০.৩০টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। বিবির সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বিবি শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক ড. মোঃ খোরশেদ আলম, মার্কেটিং বিভাগের শিক্ষক সায়মা আখতার শশী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ, গনিত বিভাগের শিক্ষার্থী মহিউদ্দীন আহমেদ সিফাত, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী শফিক মুন্সি, গনিত বিভাগের শিক্ষার্থী ফজলুল হক রাজু, আইন বিভাগের শিক্ষার্থী অমিত হাসান রক্তিম, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক আরিফ হোসেন সুমন এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক শফিকুর রহমান। সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে উপাচার্য মহোদয় শিশুদের সাথে নিয়ে কেক কাটেন। এরপূর্বে সকাল ১০ টায় স্বাধীন বাংলাদেশের স্থপতি, স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ববিতে কর্মরত মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন “উত্তরাধিকার”, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। এছাড়াও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন উপলক্ষে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া-মোনাজাত এবং বিশ্ববিদ্যালয়ের মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস